

বিজ্ঞপ্তি

ভারতে অনুষ্ঠেয় নিম্নবর্ণিত প্রশিক্ষণে অংশগ্রহণের জন্য বাংলাদেশের সরকারি কর্মকর্তাদের জন্য সুযোগ রয়েছে। উক্ত কোর্সে অংশগ্রহণে আগ্রহী যোগ্য সরকারি কর্মকর্তাগণকে নিম্নোক্ত শর্ত সাপেক্ষে তাঁদের নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষকে অবহিত রেখে ২৩/০২/২০১৭ তারিখের মধ্যে নির্ধারিত পদ্ধতিতে অনলাইনে আবেদন প্রেরণ করতে অনুরোধ করা হলো:


ক্র. ন.	কোর্সের নাম ও মেয়াদ	অর্থায়নকারী দেশ/সংস্থা	সুযোগ সংখ্যা
১.	General Management Program for Senior Executives From: 06-31 March 2017	Government of India	২টি
২.	Program on High Impact Leadership/Managerial Skill Development From: 20 March-14 April 2017	Government of India	২টি

শর্তসমূহ:

- আবেদনকারীর বয়স ২৫-৪৫ এর মধ্যে এবং চাকরিকাল ৫ বছর পূর্ণ হতে হবে;
- চাকরি স্থায়ী হতে হবে;
- আবেদনকারীকে স্ব স্ব নিয়ন্ত্রণকারী কর্মকর্তার অনুমতিক্রমে আবেদন করতে হবে;
- কোর্সের সঙ্গে প্রার্থীর কাজের সম্পৃক্ততা অবশ্যই থাকতে হবে;
- প্রার্থীকে ইংরেজিতে অবশ্যই পারদর্শী এবং শারীরিক উপযুক্ততা থাকতে হবে;
- একই প্রার্থী একাধিক কোর্সে আবেদন করতে পারবেন না;
- আবেদনকারীকে সংযুক্ত ফরম (বাংলা) নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের অনুমতির স্মারক হিসেবে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে আবেদন পত্রের সাথে প্রেরণ করতে হবে;
- ইতিপূর্বে যারা ITEC, Colombo Plan এবং Train the Trainer বা Mid-Career Training অথবা ভারত সরকারের অর্থায়নে কোন কোর্সে অংশগ্রহণ করেছেন তাঁদের আবেদন করার প্রয়োজন নেই;
- জনপ্রশাসন মন্ত্রণালয়ের ২৯/৮/৯২খ্রিঃ তারিখের স্মারক নং-সম (বিঃপ্রঃ)-৮০/৯২-৫১৮(৫০০) নং আদেশ এবং ১২ মে ২০০৩ তারিখে প্রকাশিত গেজেটে (জনপ্রশাসন মন্ত্রণালয়ের বিদেশ প্রশিক্ষণ গবেষণা শাখা) জনপ্রশাসন প্রশিক্ষণ নীতিমালা ও বিদেশ প্রশিক্ষণে কর্মকর্তা মনোনয়ন বিষয়ে প্রধানমন্ত্রীর কার্যালয়ের ১৯ জুন, ২০১১ খ্রি. তারিখের ০৩.০৬৯.০২৫.০৬.০০.০০৩.২০১১-১৪৪ (৫০০) সংখ্যক পত্রের মর্মানুসারে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করা হবে;
- আগ্রহী ও যোগ্য কর্মকর্তাবৃন্দকে <https://itecgoi.in/meaportal/register> Applicant ওয়েব সাইটের মাধ্যমে নির্ধারিত ফরমে অনলাইনে আবেদন করতে হবে;
- আবেদনকারীকে অনলাইনে করা আবেদনের আইডি নাম্বারসহ ৩ সেট পূরণকৃত আবেদন ফরম, চিকিৎসা ফরমের হার্ডকপি, জাতীয় পরিচয়পত্রের কপি ও মেশিন রিডেবল অফিসিয়াল বৈধ পাসপোর্টের (অক্টোবর, ২০১৭ পর্যন্ত মেয়াদসম্পন্ন) কপিসহ ৪ সেট আবেদনপত্র এবং নিয়ন্ত্রণকারী কর্মকর্তার সুপারিশসহ চাহিত তথ্যাবলী (সংযুক্ত বাংলা ফরমে) আগামী ২৩/০২/২০১৭ তারিখের মধ্যে নিম্ন স্বাক্ষরকারীর দপ্তরে (জনপ্রশাসন মন্ত্রণালয়ের ভবন নং-২, কক্ষ নং- ১০৯, বাংলাদেশ সচিবালয়, ঢাকা) প্রেরণ করতে হবে;
- বর্ণিত কোর্সে আবেদন ভারতীয় বৃত্তির নিশ্চয়তা প্রদান করে না, প্রার্থী বাছাইয়ের ক্ষেত্রে জনপ্রশাসন মন্ত্রণালয় ও ভারতীয় কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত;
- অসম্পূর্ণ বা বিলম্বে প্রাপ্ত আবেদন বাতিল বলে গণ্য হবে।

২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ বিজ্ঞপ্তি প্রকাশ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে।


ড. আবদুল হামিদ
যুগ্মসচিব
ফোন : ৯৫৭৪৪২৬
sasft.mopa@gmail.com

বিতরণ- সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে :

- ১। সিনিয়র সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, শেরেবাংলানগর, ঢাকা।
- ২। অতিরিক্ত সচিব (প্রশাসন), জনপ্রশাসন মন্ত্রণালয়।
- ৩। সিনিয়র সিস্টেমস এনালিস্ট, পিএসিসি, জনপ্রশাসন মন্ত্রণালয় (জরুরি ভিত্তিতে ওয়েব সাইটে প্রদর্শনের অনুরোধসহ)।

আবেদনকারী কর্মকর্তার তথ্যাবলী:

১.	নাম :	
২.	পরিচিতি নং (যদি থাকে) :	
৩.	পদবি ও বর্তমান কর্মস্থল :	
৪.	ক্যাডার সার্ভিসের নাম (যদি থাকে) :	
৫.	আবেদনের বিষয় (কোর্সের নাম) :	
৬.	জন্ম তারিখ : ও বয়স :	
৭.	চাকরিকাল :	
৮.	সর্বশেষ শিক্ষাগত যোগ্যতা :	
৯.	ইতঃপূর্বে বিদেশ প্রশিক্ষণ/উচ্চশিক্ষা গ্রহণ করলে তার বিবরণ :	
১০.	মোবাইল নম্বর : ও ই-মেইল এড্রেস :	
১১.	অফিসিয়াল মেশিনল রিডেবল পাসপোর্ট নম্বর : ও মেয়াদ :	

সুপারিশ করা হলো

নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের স্বাক্ষর ও সীল

আবেদনকারী স্বাক্ষর ও সীল